গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন- ১ শাখা
www.mor.gov.bd

নং- ৫৪.০০.০০০০.০০৭.১৮.০৭১.১৯-৭৮

তারিখ: ২৬ মাঘ ১৪২৬ / ০৯ ফেব্রুয়ারি ২০২০

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্ম শতবার্ষিকী উদযাপনের নিমিত্ত অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্ম শতবার্ষিকী উদযাপনের নিমিত্ত “কর্মসূচি বাস্তবায়ন ও সমন্বয়” উপ-কমিটির ৩য় সভা অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে গত ১৩.০১.২০২০ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবলোকন ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: সভার কার্যবিবরণী

০৯/০২/২০২০

(মুহাম্মদ আব্দুস সালাম)
উপসচিব
☎ +৮৮০২৪৭১২৪৩২০
ই-মেইল: admin1@mor.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। অতিরিক্ত মহাপরিচালক (এমএন্ডসিপি), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
০২। যুগ্ম মহাপরিচালক (অপারেশন),বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
০৩। প্রধান প্রকৌশলী (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী
০৪। প্রধান পরিকল্পনা কর্মকর্তা (সিপিএলও), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
০৫ উপসচিব (প্রশাসন-১), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
০৬। উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন-২), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
০৭। বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাক (ঢাকা), বাংলাদেশ রেলওয়ে, কমলাপুর, ঢাকা
০৮। পরিচালক (পরিবহন),বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা

অনুলিপি:

০১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
০২। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
০৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
০৫। অতিরিক্ত সচিব এর ব্যক্তিগত কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের নিমিত্ত কর্মসূচি বাস্তবায়ন ও সমন্বয় উপ-কমিটি'র ৩য় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মজিবুর রহমান<br>অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয় |
| তারিখ | : | ১৩ জানুয়ারি ২০২০ |
| সময় | : | সকাল ১১.০০ টা |
| স্থান | : | অতিরিক্ত সচিব মহোদয়ের অফিস কক্ষ (কক্ষ নং- ৯২১),<br>রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা- পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন যে, দেশব্যাপী অনুষ্ঠেয় হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উদ্‌যাপনে আমরা সম্পৃক্ত হতে পেরে আনন্দিত। তিনি আরো বলেন যে, বঙ্গবন্ধুর মতো মহাত্মা'র জন্মশতবার্ষিকী দেশে যত আড়ম্বরপূর্ণভাবে উদযাপিত হবে বিশ্বসভায় বাংলাদেশের ভাবমূর্তি ও মর্যাদা তত বৃধি পাবে। তিনি সংশ্লিষ্ট সকলকে এ মর্যাদাপূর্ণ অনুষ্ঠানের অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনের অনুরোধ করেন। তিনি অত:পর, ২য় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন এবং অগ্রগতি বিষয়ে ধারাবাহিকভাবে সভায় উপস্থাপনের নিমিত্ত উপ-কমিটির সদস্য সচিব উপসচিব (প্রশাসন-১)-কে অনুরোধ জানান।

০২। অতঃপর উপ-কমিটির সদস্য সচিব উপসচিব (প্রশাসন-১) অদ্যাবধি গৃহীত কার্যক্রমের ধারাবাহিক বর্ণনা দিয়ে বলেন যে, রেলপথ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে ১৫.০৫.২০১৯ তারিখে গঠিত ৪ টি উপ-কমিটির মধ্যে 'কর্মসূচি বাস্তবায়ন এবং সমন্বয় উপ-কমিটি' একটি। উক্ত সভায় এ উপ-কমিটিকে ৭টি কাজের তদারকির দায়িত্ব অর্পন করা হয়। অতঃপর উপ-কমিটি ১১ নভেম্বর ২০১৯ তারিখে ২য় সভায় এ সকল কাজ সম্পাদনের দায়িত্ব বিভাজন করে কার্যপত্র প্রণয়ন করে যা সংশ্লিষ্টদের নিকট প্রেরণ করা হয়েছে। তিনি আরো বলেন যে, কমিটি কর্তৃক তদারকির দায়িত্বপ্রাপ্ত ৭টি কাজের মধ্যে ২টি কাজ বঙ্গবন্ধু কর্ণার এবং ম্যুরাল নির্মাণ চ্যালেঞ্জিং। এ প্রসঙ্গে তিনি বলেন যে, রেলপথ মন্ত্রণালয়ের কর্মসূচির অংশ হিসেবে জাতির পিতার ভাস্কর্য্য/ ম্যুরাল এবং রেল স্টেশনে বঙ্গবন্ধু কর্ণার নির্মাণের লক্ষ্যে যুগ্মসচিব (উন্নয়ন-১) কে সভাপতি করে একটি কমিটি গঠন করা হয়। কমিটি ২৯.১০.২০১৯ তারিখে কাজদু'টি সম্পাদনের লক্ষ্যে নকশা প্রণয়ন ও বুঝে নেয়ার জন্য এ কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রতিনিধিদের সমন্বয়ে কমিটি পুনর্গঠনের সুপারিশ করে। এ অবস্থার পরিপ্রেক্ষিতে জাতির পিতার ম্যুরাল/ভাস্কর্য নির্মাণের জন্য ১০.১২.২০১৯ তারিখে মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়েকে অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হয়।

০৩। সভায় যুগ্ম মহাপরিচালক (অপারেশন) জানান যে, একই বিষয়ে বাংলাদেশ রেলওয়ে হতেও কমিটি গঠন করা হয়েছে। একই কাজ সম্পাদনে বিভিন্ন কমিটি করার ফলে দ্বৈততা দেখা দিয়েছে। তিনি সভায় জানান যে, এ সকল উদ্ভূত সমস্যা নিরসন করে কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ রেলওয়ের কর্মকর্তাগণের সমন্বয়ে ১২.০১.২০২০ তারিখে ম্যুরাল, বঙ্গবন্ধু কর্ণার, ট্রেন ব্রান্ডিং, মোবাইল মিউজিয়ামসহ নানাবিধ কার্যক্রম সম্পাদনের নিমিত্ত ১২ সদস্য বিশিষ্ট একটি বাস্তবায়ন কমিটি গঠন করা হয়েছে।

০৪। অতিরিক্ত মহাপরিচালক (আরএস) জানান যে, কমলাপুর ও চট্টগ্রাম স্টেশনে বঙ্গবন্ধু কর্ণার স্থাপন এবং কমলাপুর স্টেশনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ম্যুরাল নির্মাণ করতে হলে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ লাগবে।

০৫। এ পর্যায়ে সভায় আমন্ত্রিত বাংলাদেশ রেলওয়ের যুগ্ম মহাপরিচালক (মেকানিক্যাল) বাংলাদেশ রেলওয়ে একটি বৃহৎ সরকারী সংস্থা হওয়ায় এ সংস্থা হতে সেইরুপ সামঞ্জস্যপূর্ণ কর্মসূচী হাতে নেয়া উচিত বলে সভায় উল্লেখ করেন। তিনি সভায় ভাস্কর্য/ম্যুরাল এবং বঙ্গবন্ধু কর্ণারের সংখ্যা, স্থান এবং গৃহীত কর্মসুচি বাস্তবায়নে ক্রয় প্রক্রিয়া নিয়েও আলোচনা করেন।

তিনি আরো বলেন যে, ৭.০১.২০২০ তারিখে মন্ত্রণালয়ের সভায় এ বিষয়গুলো নিয়ে আলোচনা করলে তাৎক্ষনিকভাবে একটি কমিটি গঠন করে কমিটিকে দুই দিনের মধ্যে পরিকল্পনা পেশ করতে বলা হয়। কমিটি পাঁচটি প্যাকেজের আওতায় ০৯.০১.২০২০ তারিখে একটি সমন্বিত পরিকল্পনা প্রণয়ন করে। ইতোমধ্যে বাংলাদেশ রেলওয়ে থেকে ১২.০১.২০২০ তারিখে পরিকল্পনা কোষের ০০১ নং স্মারকমূলে কর্মসূচী বাস্তবায়নের নিমিত্ত একটি কমিটি গঠন করা হয়। তিনি এ সব কার্যক্রম যথাসময়ে যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত এবং দ্বৈততা পরিহারের জন্য 'কর্মসূচী বাস্তবায়ন ও সমন্বয় উপ-কমিটি' এর আওতাভুক্ত কর্মসূচীসমূহ বাস্তবায়নের নিমিত্ত মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়েকে অনুরোধ করলে তা বাস্তবায়ন সহজতর হবে মর্মে প্রস্তাব করেন। তিনি আরো বলেন যে, এ কমিটি সময়ে সময়ে বাস্তবায়ন অগ্রগতি নিয়ে সভা করে তাদের মতামত ও পরামর্শ সংশ্লিষ্টদের প্রদান করলে আর কোন দ্বৈততা হবে না এবং স্বল্পতম সময়ের মধ্যে কাজগুলো সম্পাদিত হতে পারে।

০৬। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়

| ক্র.নং | কর্মসূচী | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৬.১ | কমলাপুর ও চট্টগ্রাম স্টেশনে বঙ্গবন্ধু কর্ণার স্থাপন | কমলাপুর ও চট্টগ্রাম স্টেশনে সুদৃশ্য এবং তথ্যবহুল যথোপযুক্ত দু'টি কর্ণার স্থাপনের বিষয়ে আলোচনা হয়। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে কর্ণার স্থাপনের নিমিত্ত স্থান নির্বাচন, কর্ণার বিষয়ক পরিকল্পনা প্রণয়নসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে |
| ৬.২ | আনন্দ র‍্যালী | ২০ মার্চ ২০২০ আন্তর্জাতিক সুখ দিবসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে যথাযোগ্য মর্যাদায় আনন্দ র‍্যালী আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে ঢাকা, রাজশাহী ও চট্টগ্রামে আনন্দর‍্যালী আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবে। | |
| ৬.৩ | বৃক্ষরোপন | মহাব্যবস্থাপকগণ তাঁদের অধীনস্থ রেলওয়ে বিভাগগুলোতে বৃক্ষরোপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | |
| ৬.৪ | জাতীয় শোক দিবস পালন | ২০২০ সালে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীতে রেলওয়ের সকল বিভাগে (শিক্ষা প্রতিষ্ঠানসহ) ভাব-গাম্ভীর্যের মধ্য দিয়ে জাতীয় শোক দিবস পালন করতে হবে। | |
| ৬.৫ | পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান | রেলওয়ের সকল স্থাপনা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় বিডি ক্লিনের সাথে সমন্বয় করে পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম জোরদার করতে হবে। | |
| ৬.৬ | রেল সেবা সপ্তাহ | ২০২০ সালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকীতে অধিক গুরুত্ব দিয়ে রেল সেবা সপ্তাহ উদ্‌যাপনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যপূরণের সুবিধার্থে সেবা সপ্তাহটি ১৭ মার্চ ২০২০ তারিখকে কেন্দ্র করে পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৬.৭ | ম্যুরাল তৈরি | কমলাপুর স্টেশনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ম্যুরাল তৈরির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। ম্যুরাল তৈরির বিষয়টি মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত আছে এবং তা বাস্তবায়নে বাংলাদেশ রেলওয়েকে দায়িত্ব দেয়া আছে মর্মে জানানো হয় (প্রশাসন-২ অধিশাখার স্মারক নং-৬৯৪, তারিখ: ১০.১২.২০১৯)। এ পরিপ্রেক্ষিতে কর্মপরিকল্পনা অনুযায়ী বাংলাদেশ রেলওয়েকে ম্যুরাল তৈরির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং গৃহীত কার্যক্রম মন্ত্রণালয়কে অবহিত করতে অনুরোধ জানানো হয়। | |

০৭। সভায় সভাপতি কর্তৃক মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে কর্তৃক অনুমোদিত কমিটি নির্দিষ্ট সময়ের মধ্যে কার্যক্রম সম্পাদন করে বাস্তবায়ন অগ্রগতি এ কমিটির সভাপতি বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।

অত:পর, আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৯।১।২০

(মোঃ মজিবুর রহমান)
অতিরিক্ত সচিব (প্রশাসন)